



WARPO

পানি সম্পদ পরিকল্পনা সংস্থা

পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (ওয়ারপো)

বার্ষিক প্রতিবেদন ২০২৩-২৪




সূচীপত্র

	পৃষ্ঠা
ভূমিকা	০১
পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (ওয়ারপো) এর ভিশন ও মিশন	০১
পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (ওয়ারপো) এর কার্যপরিধি ও দায়িত্বসমূহ	০১
২০২৩-২৪ অর্থবছরে ওয়ারপোর কার্যক্রমের সারসংক্ষেপ	
১। বাংলাদেশ পানি আইন, ২০১৩ এবং বাংলাদেশ পানি বিধিমালা, ২০১৮ বাস্তবায়ন সংক্রান্ত	
২। পানি সম্পদ উন্নয়ন খাতের ছাড়পত্র প্রদান	
৩। অনাপত্তি প্রদান কর্তৃপক্ষ হিসেবে দায়িত্ব পালন	
৪। ফি বা সেবামূল্য সংক্রান্ত	
৫। 'জাতীয় পানি সম্পদ উপাত্তভান্ডার' (এনডিবিউআরডি)	
৬। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) এবং জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS)	
৭। ওয়ারপোর প্রাতিষ্ঠানিক কাঠামো শক্তিশালীকরণ	
৮। বাজেট সংক্রান্ত	
৯। ২০২৩-২৪ অর্থবছরে ওয়ারপোর বিভিন্ন প্রকল্পের বিবরণ	০৯
(ক) চলমান প্রকল্প	০৯
(খ) প্রস্তাবিত প্রকল্প	১৩
১০। কর্মশালা /সেমিনার ও প্রশিক্ষণ কার্যক্রম	১৪
১১। সাসটেইনেবল ডেভেলপমেন্ট গোল (SDG) এর লক্ষ্যমাত্রা অর্জনে ওয়ারপোর কার্যক্রম	১৭
১২) বিবিধ	১৭
পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (ওয়ারপো) এর ফটোগ্যালারী	২১

ভূমিকা

আবহমান কাল থেকে বাংলাদেশের প্রকৃতি, ইতিহাস, অর্থনীতি, শিক্ষা ও সংস্কৃতি নদ-নদীর উপর ভিত্তি করে গড়ে উঠেছে। বর্ষা মৌসুমে পর্যায়ক্রমিক বন্যা, জলোচ্ছ্বাস, সাইক্লোন, নদী ভাঙ্গন ও শুকনো মৌসুমে পানির দুস্পাপ্যতা, নদনদী ভরাট, খরা, লবণাক্ততা, ভূগর্ভস্থ পানির স্তর নেমে যাওয়া ও ভূপরিষ্ক পানির মানের ক্রমাবনতির কারণে বাংলাদেশের পানি ব্যবস্থাপনা আজ কঠিন চ্যালেঞ্জের সম্মুখীন। ক্রমবর্ধমান জনসংখ্যা বৃদ্ধির সাথে সাথে পানির বহুমাত্রিক চাহিদাও প্রতিনিয়ত বৃদ্ধি পাচ্ছে। আর্সেনিক দূষণ এই সমস্যাকে আরও জটিল করে তুলেছে। বাংলাদেশের ভূখন্ডের বাইরে থেকে আগত নদনদীর প্রবাহের উপর আমাদের নিয়ন্ত্রণ না থাকায় পানি ব্যবহারকারীদের মধ্যে দ্বন্দ্ব, অপরিকল্পিত উন্নয়ন কার্যক্রম গ্রহণে পানি ব্যবস্থাপনায় সমন্বয়হীনতা ইত্যাদি বিষয়গুলো সামগ্রিক অবস্থার আরও অবনতি ঘটাবে। এ প্রেক্ষিতেই সরকার পানি সম্পদের উন্নয়ন ও এর সুসম ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে পানি সম্পদ পরিকল্পনা আইন, ১৯৯২ এর প্রদত্ত ক্ষমতাবলে ১৯৯২ সালে পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (ওয়ারপো) সৃষ্টি করে। দেশে সমন্বিত পানি সম্পদ ব্যবস্থাপনা নিশ্চিত করার লক্ষ্যে ওয়ারপো পানি সম্পদের সামগ্রিক পরিকল্পনা প্রণয়নে একমাত্র সংবিধিবদ্ধ সরকারি প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটি ১৯৮৩ হতে ১৯৯১ সালে জাতীয় পানি পরিকল্পনা প্রণয়নের লক্ষ্যে গঠিত মাস্টার প্ল্যান অরগানাইজেশন বা এমপিও এর উত্তরসূরী। ১৯৮৯ হতে ১৯৯৬ সালে ফ্লাড এ্যাকশন প্ল্যান (ফ্যাপ) কার্যক্রম সমন্বয়ের জন্য স্থাপিত ফ্লাড প্ল্যান কোঅর্ডিনেশন অরগানাইজেশন বা এফপিসিও কে ১৯৯৬ সালে ওয়ারপো'র সাথে একিত্ব করা হয়। ২০০৫ সালে উপকূলীয় অঞ্চল নীতি এবং ২০০৬ সালে উপকূলীয় কৌশলের দ্বারা ওয়ারপোকে উপকূলীয় এলাকার সমন্বয়ের দায়িত্ব প্রদান করা হয়। বাংলাদেশ পানি আইন, ২০১৩ এর মাধ্যমে ওয়ারপোকে জাতীয় পানি সম্পদ পরিষদের নির্বাহী কমিটির সচিবালয় হিসাবে দায়িত্ব প্রদান করা হয়।

পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (ওয়ারপো) এর ভিশন ও মিশন



ওয়ারপো'র প্রধান কার্যপরিধি সমূহ

(পানি সম্পদ পরিকল্পনা আইন, ১৯৯২; জাতীয় পানি নীতি ১৯৯৯; উপকূলীয় অঞ্চল নীতি ২০০৫ এবং বাংলাদেশ পানি আইন, ২০১৩ অনুযায়ী

- পানি সম্পদের উন্নয়নকল্পে পরিবেশগতভাবে ভারসাম্যপূর্ণ মহাপরিকল্পনা প্রণয়ন করা;
- পানি সম্পদের বিজ্ঞানভিত্তিক ব্যবহার ও সংরক্ষণ সম্পর্কিত জাতীয় কৌশল ও নীতি নির্ধারণ করা;
- পানি সম্পদের ব্যবহার সম্পর্কিত তথ্য সংগ্রহ ও পর্যালোচনা করা এবং প্রচারের ব্যবস্থা করা;
- পানি সম্পদ উন্নয়ন, ব্যবহার ও সংরক্ষণের ক্ষেত্রে সংশ্লিষ্ট অন্যান্য সংস্থাকে পরামর্শ প্রদান করা;
- পানি সম্পদ উন্নয়ন, ব্যবহার ও সংরক্ষণে নিয়োজিত যে কোন প্রতিষ্ঠানের সমীক্ষা পরিচালনায় সহযোগিতা প্রদান এবং প্রয়োজনে সংশ্লিষ্ট যে কোন বিষয়ে বিশেষ সমীক্ষা পরিচালনা করা;
- পানি সম্পদ উন্নয়ন, ব্যবহার ও সংরক্ষণে নিয়োজিত কোন প্রতিষ্ঠান কর্তৃক গৃহীত ব্যবস্থা হতে উদ্ভূত বিষয়ের মূল্যায়ন ও পর্যালোচনা করা এবং উক্ত বিষয়ে পরামর্শ প্রদান করা;
- জাতীয় পানি সম্পদ পরিষদের নির্বাহী কমিটি (ইসিএনডব্লিউআরসি) কে প্রশাসনিক ও সাচিবিক সহায়তা প্রদান;
- জাতীয় পানি সম্পদ পরিষদ (এনডব্লিউআরসি) এর অনুমোদনের জন্য জাতীয় পানি ব্যবস্থাপনা পরিকল্পনা (এনডব্লিউএমপি) প্রস্তুত এবং নির্দিষ্ট সময়ান্তে তা হালনাগাদকরণ;
- জাতীয় পানি সম্পদ তথ্য ভান্ডার (এনডব্লিউআরডি) ব্যবস্থাপনা ও হালনাগাদকরণ;
- জাতীয় পানি নীতি এবং বাংলাদেশ পানি ও বন্যা ব্যবস্থাপনা কৌশলে বর্ণিত উদ্দেশ্য ও কর্মসূচি পূরণের জন্য ইসিএনডব্লিউআরসি'র চাহিদা অনুসারে কোন বিশেষ সমীক্ষা পরিচালনা;
- পানি সম্পদ বিষয়ক জাতীয় এবং সরকারের পূর্বানুমোদনক্রমে আন্তর্জাতিক সেমিনার, সম্মেলন ও কর্মশালার আয়োজন ও পরিচালনা করা;
- বিভিন্ন সংস্থা কর্তৃক চিহ্নিত পানি সম্পদ খাতের অন্তর্ভুক্ত জাতীয় প্রকল্প বাস্তবায়নের জন্য ক্লিয়ারিং হাউজ হিসাবে দায়িত্ব পালন এবং বিবেচ্য প্রকল্প এনডবি-উএমপিএর সাথে সঙ্গতিপূর্ণ কিনা এ বিষয়ে ইসিএনডবি-উআরসি এর নিকট প্রতিবেদন পেশ করা;
- বাস্তবায়নের পর্যায়ে সমন্বয় সাধনের জন্য একটি কর্মসূচি সমন্বয় ইউনিট (Program Coordination Unit-PCU) প্রতিষ্ঠা করা। সমন্বিত উপকূলীয় অঞ্চল ব্যবস্থাপনার নির্ধারিত সূচকের আলোকে প্রকল্পের অগ্রগতি দেখাশোনা করা;
- আইসিজেডএম প্রক্রিয়া বাস্তবায়নের লক্ষ্যে গঠিত কর্মসূচি সমন্বয় ইউনিট (পিসিইউ) এর মাধ্যমে বিভিন্ন সার্ভিস মন্ত্রণালয়, যেমন অর্থ, পরিকল্পনা ও জনপ্রশাসন মন্ত্রণালয় এবং উন্নয়ন সহযোগীদের সাথে যোগাযোগ রক্ষা করা;
- সংশ্লিষ্ট সকল সংস্থায় ফোকাল পয়েন্ট স্থাপন করা, যারা দায়িত্ব প্রাপ্ত প্রতিনিধি হিসেবে নিজ নিজ সংস্থা'র পক্ষে আইসিজেডএম কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট থাকবেন এবং পিসিইউ এর সাথে কার্যকরী যোগাযোগ রক্ষা করবেন;
- স্থানীয় পর্যায়ে (জেলা, উপজেলা ও ইউনিয়ন) পানি সম্পদ পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নে জনগণের অংশগ্রহণ নিশ্চিত করার জন্য প্রচলিত স্থানীয় সরকার কাঠামোকে কাজে লাগানো। স্থানীয় পর্যায়ে অংশগ্রহণমূলক সমন্বিত পরিকল্পনা প্রক্রিয়াকে উৎসাহিত করা এবং জাতীয় পর্যায়ে পিসিইউ ও খাতভিত্তিক সংস্থাগুলোর সাথে সংযোগ সৃষ্টি করা;
- জাতীয় পানি সম্পদ পরিষদ ও এর নির্বাহী কমিটির নির্দেশনার আলোকে সভায় উপস্থাপনের নিমিত্ত সকল প্রকার প্রস্তাব প্রস্তুত;
- জাতীয় পানি সম্পদ পরিষদ ও এর নির্বাহী কমিটি কর্তৃক গৃহীত নীতি ও কর্মপন্থা বাস্তবায়নে ও প্রয়োগে সহায়তা প্রদান;
- জাতীয় পানি সম্পদ পরিষদ ও এর নির্বাহী কমিটি কর্তৃক সময় সময় অর্পিত অন্যান্য দায়িত্ব পালন;
- পানি সম্পদ উন্নয়ন প্রকল্পের ছাড়পত্র ইস্যুকরণ;
- পানি আইন সম্পর্কিত বিষয়ে জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ;
- ভূগর্ভস্থ পানি উত্তোলনের জন্য অনাপত্তি প্রদান।

২০২৩-২৪ অর্থবছরে ওয়ারপোর কার্যক্রমের সারসংক্ষেপ

১। বাংলাদেশ পানি আইন, ২০১৩ এবং বাংলাদেশ পানি বিধিমালা, ২০১৮ বাস্তবায়ন সংক্রান্ত

বিগত ২০২৩-২৪ অর্থবছরে উক্ত আইন ও বিধিমালা এবং বিধিমালায় বিধি-১৪ তে বর্ণিত জেলা সমন্বিত পানি সম্পদ ব্যবস্থাপনা কমিটির কার্যপরিধি সম্পর্কে মাঠ প্রশাসন এবং জেলা পর্যায়ে পানি সম্পদ ব্যবস্থাপনা কমিটিকে অবহিতকরণের উদ্দেশ্যে ২৬ টি কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। এছাড়া আইনের বিভিন্ন ধারাসমূহ বাস্তবায়নের জন্য ওয়ারপো কর্মপরিকল্পনা গ্রহণ করেছে।

৩। পানি সম্পদ উন্নয়ন খাতের ছাড়পত্র প্রদানঃ

বাংলাদেশ পানি আইন, ২০১৩ (১৬ নং ধারা) অনুযায়ী ওয়ারপো বিভিন্ন সংস্থা কর্তৃক চিহ্নিত পানি সম্পদ খাতের অন্তর্ভুক্ত জাতীয় প্রকল্প বাস্তবায়নের জন্য ক্লিয়ারিং হাউজ হিসেবে দায়িত্ব পালন করবে এবং প্রকল্পের ছাড়পত্র প্রদান করবে। ২০০৭ সালে এ কার্যক্রম শুরু পর হতে এ যাবৎ (জুন ২০২৪ পর্যন্ত) এই কর্মসূচীর আওতায় ওয়ারপো, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (বাপাউবো) এর মোট ৩৯৭ টি প্রকল্প প্রস্তাবের ছাড়পত্র প্রদান করেছে। বিগত অর্থবছর (২০২৩-২০২৪, জুলাই ২০২৩ হতে জুন ২০২৪ পর্যন্ত) সময়ে ওয়ারপো, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের ২৩ (তেইশ) টি প্রকল্প প্রস্তাব পর্যালোচনান্তে ছাড়পত্র প্রদান করেছে।

২০২৩-২৪ অর্থবছরে ওয়ারপো কর্তৃক ছাড়পত্র প্রকল্পসমূহের মধ্যে উল্লেখযোগ্য প্রকল্পের তালিকা নিম্নে দেয়া হলো:

ক্রমিক নং	জেলা	প্রকল্পের নাম	আবেদন পত্র প্রাপ্তির তারিখ	ছাড়পত্র প্রদানের তারিখ
১।	ব্রাহ্মণবাড়িয়া	ব্রাহ্মণবাড়িয়া জেলার বাঞ্ছারামপুর উপজেলার ঢোলভাঙ্গা নদীর ডান তীর এবং উজানচর ইউনিয়নে লোয়ার তিতাস নদীর ডান তীর প্রতিরক্ষা প্রকল্প।" শীর্ষক উন্নয়ন প্রকল্প প্রস্তাব	২৫/০৬/২০২৩	০২/০৮/২০২৩
২।	ময়মনসিংহ	ময়মনসিংহ জেলার মুক্তাগাছা উপজেলার আয়মন নদী পুনঃখনন ও নদী তীর সংরক্ষণ প্রকল্প" শীর্ষক প্রকল্প	০১/০৮/২০২৩	১০/০৮/২০২৩
৩।	সুনামগঞ্জ	সুনামগঞ্জ জেলায় ধর্মপাশা উপজেলার মনাই খাল এবং এর সংযোগ খালসমূহের সেচ ও নিষ্কাশন ব্যবস্থার উন্নয়ন প্রকল্প" শীর্ষক প্রকল্প	১৭/০৮/২০২৩	২৬/০৯/২০২৩
৪।	খুলনা	"খুলনা জেলার বাটিয়াঘাটা উপজেলায় রূপসা নদীর ভাঙ্গন হতে শেখ রাসেল ইকোপার্ক সংলগ্ন বাঁধের ঢাল প্রতিরক্ষামূলক প্রকল্প" শীর্ষক প্রকল্পের ডিপিপি দাখিল	১৪/০৮/২০২৩	০৭/০৯/২০২৩
৫।	চুয়াডাঙ্গা	চুয়াডাঙ্গা জেলার মাথাভাঙ্গা নদীর ডান ও বাম তীর সংরক্ষণ প্রকল্প" শীর্ষক প্রকল্প	২৩/০৮/২০২৩	১২/০৯/২০২৩
৬।	ঢাকা	ঢাকা জেলার কেরানীগঞ্জ উপজেলার মুগারচরে অবস্থিত বিসিএস প্রশাসন একাডেমির প্রস্তাবিত সম্প্রসারিত ক্যাম্পাস ও তদসংলগ্ন এলাকা ধলেশ্বরী নদীর বামতীর ভাঙ্গন হতে রক্ষার জন্য স্থায়ী প্রতিরক্ষা কাজ" শীর্ষক প্রকল্প	২৫/০৯/২০২৩	২৮/১১/২০২৩
৭।	পাবনা	পাবনা জেলার অন্তর্গত বেড়া উপজেলাধীন হাটুরিয়া-নাকালিয়া ইউনিয়নের চর নাগদাহ নামক স্থানে যমুনা নদী আরিচা চ্যানেলের ডানতীরে ভাঙ্গন রোধ" শীর্ষক প্রকল্প	১৫/১০/২০২৩	০৫/১১/২০২৩
৮।	বান্দরবান	বান্দরবান জেলার লামা উপজেলায় আনসার ব্যাটেলিয়ান সদর দপ্তর রক্ষাকল্পে মাতামুহুরী নদীর ডানতীরে প্রতিরক্ষা কাজ বাস্তবায়ন শীর্ষক প্রকল্প	১৮/১০/২০২৩	০৬/১২/২০২৩
৯।	নাটোর	নাটোর জেলার সিংড়া উপজেলার বিভিন্ন স্থানে আত্রাই ও নাগর নদীর ভাঙ্গন হতে রক্ষা" শীর্ষক প্রকল্প	১৮/১০/২০২৩	১৩/১২/২০২৩

ক্রমিক নং	জেলা	প্রকল্পের নাম	আবেদন পত্র প্রাপ্তির তারিখ	ছাড়পত্র প্রদানের তারিখ
১০।	রাজবাড়ী	রাজবাড়ী সদর উপজেলার চরসিলিমপুর, কালিতলা, মহাদেবপুর এলাকা পদ্মা নদীর ডান তীরের ভাঙ্গন হতে রক্ষার্থে পূর্ব-সতর্কতামূলক নদী তীর সংরক্ষণ কাজ বাস্তবায়ন শীর্ষক প্রকল্প	৩০/১০/২০২৩	২৮/১০/২০২৩
১১।	নেত্রকোণা	নেত্রকোণা জেলার দুর্গাপুর উপজেলায় আন্তঃসীমান্ত সোমেশ্বরী নদীর ডানতীর ও বামতীরে স্থায়ী নদী তীর প্রতিরক্ষা কাজ বাস্তবায়ন” শীর্ষক প্রকল্প	০১/১১/২০২৩	২২/১১/২০২৩
১২।	চাঁদপুর	চাঁদপুর সেচ প্রকল্পের পুনর্বাসন শীর্ষক প্রকল্প	১২/১১/২০২৩	২৭/১২/২০২৩
১৩।	নেত্রকোণা	নেত্রকোণা জেলার বারহাটা উপজেলায় মনসুর আহমেদ মহিলা কলেজ, ইম্পিঞ্জাপুর এবং গোপালপুর বাজার রক্ষাকল্পে কংশ নদীর তীর সংরক্ষণ” শীর্ষক প্রকল্প	১২/১১/২০২৩	২৩/১১/২০২৩
১৪।	রাজবাড়ী	রাজবাড়ী সদর উপজেলার লালগোলা, উড়াকান্দা এলাকায় পদ্মা নদীর ডান তীরে ঝুঁকিপূর্ণ বিদ্যমান প্রতিরক্ষা কাজের পূর্ব-সতর্কতামূলক শক্তিশালীকরণ কাজ” শীর্ষক প্রকল্প	১২/১১/২০২৩	১১/১২/২০২৩
১৫।	সিলেট	সিলেট সদর উপজেলার সিঙ্গার নদীর ভাঙ্গন হতে সিলেট মেরিন একাডেমি রক্ষা প্রকল্প	০৪/০১/২০২৪	০৫/০২/২০২৪
১৬।	খুলনা	খুলনা জেলার দিঘলিয়া উপজেলায় তৈরব নদীর বাম তীরের ভাঙ্গন হতে বঙ্গমাতা শেখ ফজিলাতুনুসা মুজিব পাট গুদামসহ অন্যান্য স্থাপনা রক্ষা প্রকল্প	১০/০৩/২০২৪	০৮/০৫/২০২৪
১৭।	বরিশাল	বরিশাল সেচ প্রকল্পের পুনর্বাসন (১ম পর্যায়) প্রকল্প	২৭/০৩/২০২৪	২১/০৫/২০২৪
১৮।	পিরোজপুর	পিরোজপুর জেলার নেছারাবাদ (স্বরূপকাঠি) উপজেলাধীন সন্ধ্যা নদীর ডান তীরে ইন্দুরহাট বন্দর সংলগ্ন লঞ্চঘাট, ফেরীঘাট ও তৎসংলগ্ন এলাকা রক্ষা প্রকল্প	২৭/০৩/২০২৪	০৯/০৫/২০২৪
১৯।	চট্টগ্রাম	উত্তর সন্দ্বীপে নবসৃষ্ট ভূমি উন্নয়ন এবং দক্ষিণ উড়ির চরে ভাঙ্গনের ফলে ভূমিহ্রাস রোধ প্রকল্প	০২/০৪/২০২৪	১৮/০৫/২০২৪
২০।	গাইবান্ধা	গাইবান্ধা জেলার ফুলছড়ি উপজেলার এরেন্ডাবাড়ি এবং সদর উপজেলার চিথুলিয়া দিগর এলাকায় ব্রহ্মপুত্র-যমুনা নদীর বামতীরের ভাঙ্গন প্রতিরোধের মাধ্যমে ব্রহ্মপুত্র ও জিজিরাম নদীর বেসিন ব্যবস্থাপনা প্রকল্প	২৯/০৪/২০২৪	০৯/০৬/২০২৪
২১।	রাঙ্গামাটি	রাঙ্গামাটি পার্বত্য জেলার কর্ণফুলী নদী এবং সংযুক্ত নদীসমূহের টেকসই পানি ব্যবস্থাপনা প্রকল্প	২৯/০৪/২০২৪	২৭/০৫/২০২৪
২২।	পিরোজপুর	পিরোজপুর জেলার ভান্ডারিয়া উপজেলার ভুবনেশ্বর খালের স্বাভাবিক পানি প্রবাহ অক্ষুণ্ণ রাখা, শুষ্ক মৌসুমে পানি ধরে রাখা ও নিষ্কাশন ব্যবস্থার উন্নয়ন প্রকল্প	২৬/০৪/২০২৪	১৩/০৬/২০২৪
২৩।	কুড়িগ্রাম	কুড়িগ্রাম জেলার মধ্য দিয়ে প্রবাহিত জিজিরাম নদীর বাম ও ডান তীর এবং ব্রহ্মপুত্র নদের বামতীর সংরক্ষণের মাধ্যমে ব্রহ্মপুত্র এবং জিজিরাম নদীর বেসিন ব্যবস্থাপনা প্রকল্প	০৫/০৫/২০২৪	১১/০৬/২০২৪

বাংলাদেশ পানি বিধিমালা, ২০১৮ এর বিধি ১৯ অনুযায়ী নিম্নলিখিত ১৩ প্রকার প্রকল্পের ছাড়পত্র গ্রহণ আবশ্যিক।

- বন্যা নিয়ন্ত্রণ বা ব্যবস্থাপনা প্রকল্প;
- ভূপরিষ্ক পানি আহরণ, সরবরাহ বা ব্যবহার সংক্রান্ত প্রকল্প বা প্রকল্পের অংশবিশেষ;

- ভূপরিষ্ক পানি দ্বারা সেচ প্রকল্প;
- হাইড্রোলিক অবকাঠামো নির্মাণ প্রকল্প;
- পানি সংরক্ষণ প্রকল্প;
- বন্যা প্লাবিত সমতল ভূমি বা জলাভূমি উন্নয়ন প্রকল্প;
- শিল্পের জন্য ভূপরিষ্ক পানি ব্যবহার প্রকল্প;
- নদীর তীর সংরক্ষণ বা নদী শাসন প্রকল্প;
- নদী খনন বা ড্রেজিং প্রকল্প;
- খাল খনন বা পুনঃখনন প্রকল্প;
- ভূপরিষ্ক পানিতে মৎস্য উন্নয়ন প্রকল্প;
- ভূগর্ভস্থ পানি আহরণ, সরবরাহ বা ব্যবহার সংক্রান্ত প্রকল্প বা প্রকল্পের অংশবিশেষ ;
- মহাপরিচালক কর্তৃক উপযুক্ত বিবেচিত অন্যান্য প্রকল্প ।

বাংলাদেশ পানি বিধিমালা, ২০১৮ এর বিধি ২০ এর উপবিধি ২(ঘ) অনুযায়ী ৫০ (পঞ্চাশ) লক্ষ বা তদূর্ধ্ব টাকা প্রাক্কলিত ব্যয়ের পানি সম্পদ উন্নয়ন সংশ্লিষ্ট প্রকল্পের ক্ষেত্রে, পানি সম্পদ পরিকল্পনা সংস্থা ছাড়পত্র প্রদান করে থাকে ।

৩। অনাপত্তি প্রদান কর্তৃপক্ষ হিসেবে দায়িত্ব পালনঃ

বাংলাদেশ পানি বিধিমালা, ২০১৮ এর বিধি ৩০ এর উপবিধি (৩) এ উল্লেখ রয়েছে যে “ভূগর্ভস্থ পানি ধারক স্তর হইতে যে কোনো উদ্দেশ্যে গভীর নলকূপ স্থাপন করিয়া ফোর্সমোডে পানি উত্তোলনের ক্ষেত্রে অনাপত্তি প্রদানকারী কর্তৃপক্ষ হইবে পানি সম্পদ পরিকল্পনা সংস্থা”। উক্ত বিধি অনুযায়ী ২০২৩-২৪ অর্থবছরে পানি সম্পদ পরিকল্পনা সংস্থা ফোর্সমোডে পানি উত্তোলনের ক্ষেত্রে সরকারী/বেসরকারী শিল্প ও বানিজ্যিক সংস্থাসহ মোট ২০ টি প্রতিষ্ঠানকে অনাপত্তি প্রদান করেছে ।

৪। ফি বা সেবামূল্য সংক্রান্তঃ


বাংলাদেশ পানি আইন, ২০১৩ এর ধারা ৩,৮,৩৭ ও ৪১ এর সাথে সঙ্গতি রেখে এবং বাংলাদেশ পানি বিধিমালা, ২০১৮ এর বিধি ৪৭ (অনুমতি, অনাপত্তি, প্রকল্পের ছাড়পত্র, নবায়ন ইত্যাদি ফি নির্ধারণ ও পরিশোধ পদ্ধতি) এর উদ্দেশ্য পূরণকল্পে পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (ওয়ারপো) বা উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রস্তাবিত ফি বা সেবামূল্য চূড়ান্তকরণের কার্যক্রম চলমান রয়েছে ।

৫। ‘জাতীয় পানি সম্পদ উপাত্তভান্ডার’ (এনডবি-উআরডি):

(ক) উপাত্ত সরবরাহ (Data Dissemination)

‘জাতীয় পানি সম্পদ উপাত্তভান্ডার (ঘণ্ডঃরডুহধম ডধঃবৎ জবংডুৎপবৎ উধঃধনধংব,, এনডবি-উআরডি)’ ওয়ারপো কর্তৃক প্রতিষ্ঠিত দেশের সমন্বিত পানি সম্পদের একটি কেন্দ্রীয় উপাত্তভান্ডার । মাল্টিডিসিপি-নারি উপাত্তভান্ডার, এনডবি-উআরডি এবং এর সাব-সেট আইসিআরডি (ওহঃবমৎধঃবফ ঙুডুধঃধম জবংডুৎপবৎ উধঃধনধংব, সমন্বিত উপকূলীয় সম্পদ উপাত্তভান্ডার) এ ভূ-পরিষ্ক পানি, ভূ-গর্ভস্থ পানি, পরিবেশ, জলবায়ু, মৃত্তিকা, কৃষি, বন, মৎস্য এবং আর্থ-সামাজিক বিষয়ে এ যাবত ১১০০ (এগারো শত) টির অধিক জিআইএস, টাইম-সিরিজ ও টেবুলার ডাটালেয়ার ডিজিটাল ফর্মে সংরক্ষিত আছে । সারাদেশের প্রায় ৫০ টি সংস্থার এবং ওয়ারপোর নিজস্ব তথ্য-উপাত্ত সংগ্রহ করে প্রয়োজনীয় ভ্যালু-এ্যাড ও গুণগতমান যাচাইপূর্বক উপাত্তভান্ডার দুইটিতে সংরক্ষণ করা হয়েছে । এই উপাত্তভান্ডারসমূহ পানি সম্পদ সম্পর্কিত বিভিন্ন সংস্থা ও ব্যক্তিদের জন্য ডিজিটাল উপাত্ত ও তথ্যের একটি গুরুত্বপূর্ণ উৎস । বিভিন্ন সংস্থা, বিশ্ববিদ্যালয়, গবেষণা প্রতিষ্ঠান ও প্রকল্পসমূহ তাদের পরিকল্পনা, ব্যবস্থাপনা, গবেষণা, প্রকল্প বাস্তবায়ন, অধ্যয়ন ইত্যাদি কাজে এনডবি-উআরডি ও আইসিআরডি এর উপাত্ত ব্যবহার করে থাকেন ।

উপাত্ত সরবরাহ	অর্জিত অর্থ
২০২৩-২৪ অর্থবছরে ওয়ারপো কর্তৃক পরিকল্পনা কমিশন, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনসহ মোট ০৯ টি প্রতিষ্ঠানকে এনডবি-উআরডি ও আইসিআরডি হতে মোট ১২ (বার) বার উপাত্ত সরবরাহ করা হয়েছে	মোট ৯০৪১৮.০০ (নব্বই হাজার চারশ আঠার) টাকার উপাত্ত বিক্রির অর্থ কোষাগারে জমা হয়ে ।



চিত্রঃ এনডবি-উআরডি ডাটা সরবরাহ হতে অর্জিত অর্থ

(খ) উপাত্ত সংগ্রহ

এনডবি-উআরডি ও আইসিআরডি এর বিদ্যমান উপাত্তসমূহ হালনাগাদকরণ এবং নতুন উপাত্তসমূহ অন্তর্ভুক্ত করার জন্য ২০২৩-২০২৪ অর্থবছরে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, বাংলাদেশ পরিবেশ অধিদপ্তর (ঢাকা ও চট্টগ্রাম ল্যাব), বাংলাদেশ জরিপ অধিদপ্তর এবং বাংলাদেশ টুরিজম বোর্ড হতে ভূ-পরিষ্ক পানি, ভূ-গর্ভস্থ পানি এবং পানির গুণগত মান, ডিজিটাল ইলিভেশন ও জলপ্রপাত প্রভৃতি সংক্রান্ত ডিজিটাল উপাত্ত সংগ্রহ করা হয়েছে।

৬। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) এবং জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) বাস্তবায়ন

(ক) বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA)

মহাপরিচালক, পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (ওয়ারপো) এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পানি সম্পদ মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের মধ্যে ২০২৪-২০২৫ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (অচঅ) ২০২৪ সালের জুন মাসের ২৭ তারিখ স্বাক্ষরিত হয়েছে।

(খ) জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS)

রাষ্ট্র ও সমাজে সুশাসন প্রতিষ্ঠা এবং একটি দুর্নীতিবিরোধী সংস্কৃতি গড়ে তোলার লক্ষ্যে ২০১২ সালে বাংলাদেশ সরকার 'সোনার বাংলা গড়ার প্রত্যয়: জাতীয় শুদ্ধাচার কৌশল' শিরোনামে যে কর্মসূচী গ্রহণ করে তার ধারাবাহিকতায় মন্ত্রিপরিষদ বিভাগ ২০১৮-১৯ অর্থবছর হতে মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক দাখিলকৃত শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা মূল্যায়ন কার্যক্রম শুরু করে। সে প্রেক্ষিতে, ২০১৮-১৯ অর্থবছর হতে পানি সম্পদ মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক পানি সম্পদ পরিকল্পনা সংস্থা শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন করে আসছে।

৭। প্রশাসনিক এবং আর্থিক বিষয় সংক্রান্তঃ

ক) ওয়ারপো'র প্রাতিষ্ঠানিক কাঠামো শক্তিশালীকরণ

জেলা পর্যায়ে ওয়ারপো'র প্রাতিষ্ঠানিক কাঠামো শক্তিশালীকরণ সংক্রান্ত প্রতিবেদন প্রণীত হয়েছে। ০৭ টি বিভাগীয় শহরে ০৭ টি জেলা কার্যালয়ের জন্য ৫৬ জন জনবল অনুমোদন করা হয়েছে। বাকী জেলাগুলোতে জনবল অনুমোদন প্রক্রিয়াধীন রয়েছে। ওয়ারপো'র ৭টি বিভাগীয় শহরে ইতোমধ্যে ওয়ারপো'র জেলা কার্যালয় স্থাপন করা হয়েছে।




চিত্রঃ ওয়ারপোর অফিস সমূহ

খ) জনবল

অনুমোদিত কাঠামো অনুযায়ী ৮৬ জন কর্মকর্তা ও ৫৭ জন কর্মচারিসহ ওয়ারপোর মোট জনবল হলো ১৪৩, যা নিম্নে উপস্থাপন করা হলোঃ

কর্মকর্তা ও কর্মচারি	অনুমোদিত কাঠামো অনুযায়ী সংখ্যা	বর্তমানে কর্মরত কর্মকর্তা-কর্মচারির সংখ্যা	শূণ্য পদ
গ্রেড ১-৯	৬৪	৪২	২২
গ্রেড ১০-১২	১৬	১৪	২
গ্রেড ১১-২০	৬৪	৫৫	৯
সর্বমোট:	১৪৪	১১১	৩৩

শূণ্য পদগুলির মধ্যে ৭ টি ৯ম গ্রেডভুক্ত কর্মকর্তা এবং ০১ টি ১০ম গ্রেড, ৩টি ১৬তম গ্রেড ও ৩টি ২০ তম গ্রেড ভুক্ত কর্মচারীর নিয়োগ প্রক্রিয়া চলমান রয়েছে।



চিত্রঃ বিভিন্ন গ্রেডে অনুমোদিত ও কর্মরত জনবল।


(গ) বাজেট

সরকারের উন্নয়ন ও রাজস্ব বাজেটের সহায়তায় ওয়ারপোর্ কার্যক্রম বাস্তবায়িত হয়ে থাকে।

২০২২-২০২৩ সালের উন্নয়ন ও রাজস্ব বাজেট

(লক্ষ টাকায়)

ক্রমিক নং	প্রকল্পের নাম	২০২২-২০২৩ অর্থবছরের বরাদ্দ	উৎস
১.	বাংলাদেশ পানি আইন, ২০১৩ এর কার্যকর প্রয়োগে বাংলাদেশের উত্তর কেন্দ্রীয় হাইড্রোলজিক্যাল অঞ্চলের ১০ টি জেলায় পানি সম্পদের প্রাপ্যতা এবং ভূ-গর্ভস্থ পানি পানি ধারকসমূহের নিরাপদ আহরণ সীমা নিরূপণ	১৪৩.০০	জিওবি
২.	বেতন ভাতাদি	১১৩৯.৯৬	জিওবি
৩.	অন্যান্য	১১২৮.৩৯	জিওবি
৪.	উপমোট (২+৩)	২২৬৮.৩৫	জিওবি
	সর্বমোট	২৪১১.৩৫	



চিত্রঃ ২০২৩-২৪ অর্থ বছরের ওয়ারপো বাজেট

৯) প্রকল্প বাস্তবায়ন

(ক) চলমান প্রকল্প

১. প্রকল্পের নামঃ “বাংলাদেশ পানি আইন, ২০১৩ এর কার্যকর প্রয়োগে বাংলাদেশের উত্তর কেন্দ্রীয় হাইড্রোলজিক্যাল অঞ্চলের ১০ টি জেলায় পানি সম্পদের প্রাপ্যতা এবং ভূ-গর্ভস্থ পানি পানি ধারকস্তরের নিরাপদ আহরণ সীমা নিরূপণ” শীর্ষক কারিগরি প্রকল্প।

সারসংক্ষেপঃ

উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ	পানি সম্পদ মন্ত্রণালয়
বাস্তবায়নকারী সংস্থা	পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (ওয়ারপো)
প্রকল্পের বাজেট	৪৫১২.০০ লক্ষ টাকা (সম্পূর্ণ জিওবি)
বাস্তবায়নকাল	জুলাই, ২০২৩ - জুন, ২০২৬
প্রকল্পের উদ্দেশ্য ও লক্ষ্যমাত্রা	<p>উদ্দেশ্য: প্রকল্পটির মূল উদ্দেশ্য হচ্ছে বাংলাদেশের উত্তর-কেন্দ্রীয় হাইড্রোলজিক্যাল অঞ্চলের ১০ টি জেলায় বাংলাদেশ পানি আইন, ২০১৩ ও বাংলাদেশ পানি বিধিমালা, ২০১৮ এর কার্যকর প্রয়োগের লক্ষ্যে ভূ-গর্ভস্থ ও ভূ-পরিষ্ক পানি সম্পদের প্রাপ্যতা, গুণগত মান এবং ভূ-গর্ভস্থ পানিধারক স্তরের নিরাপদ আহরণ সীমা নিরূপণ করা। উক্ত অঞ্চলের শিল্প জোন, ভূগর্ভস্থ পানি ধারকস্তরের নিম্নমুখী প্রবণতা, অধিক জনসংখ্যার চাপ, অর্থনৈতিক অঞ্চল, ভূপরিষ্ক পানি দূষণ, নগরায়ণ প্রবণতা উক্ত প্রকল্পের কেন্দ্রীয় বিবেচ্য বিষয়।</p> <p>প্রকল্পের লক্ষ্যমাত্রা নিম্নরূপ: -প্রকল্প এলাকায় ভূ-গর্ভস্থ ও ভূ-পরিষ্ক পানির গুণগত মান নির্ধারণ এবং বর্তমান ও ভবিষ্যৎ পানির ব্যবহার ও চাহিদা বিবেচনা করে পানি সংকটাপন্ন এলাকা (Water Stress Area) চিহ্নিত করা;</p> <p>-বাংলাদেশ পানি আইন, ২০১৩ প্রয়োগে প্রকল্প এলাকায় মৌজা পর্যায়ে অ্যাকুইফারের স্থানিক (Areal) ও উল্লম্ব (Vertical) ব্যাপ্তি এবং সম্ভাব্য রিচার্জ পটেনশিয়াল নির্ধারণ করে ভূ-গর্ভস্থ পানিধারক স্তরের ট্রেন্ড এবং নিরাপদ আহরণ সীমা (safe yield) নির্ধারণ করা;</p>

<p>-প্রকল্প এলাকায় বাংলাদেশ পানি আইন, ২০১৩ এর কার্যকর প্রয়োগে পানি সম্পদ উন্নয়ন প্রকল্পের ছাড়পত্র ইস্যুকরণ ও প্রকল্প প্রণয়নে ভূ-গর্ভস্থ ও ভূ-পরিষ্ক পানি সম্পদ সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য-উপাত্ত সংগ্রহ ও মানচিত্র প্রণয়ন করা;</p> <p>-প্রকল্প এলাকায় জরিপ, হাইড্রোলজিক্যাল মডেলিং এবং স্টেকহোল্ডারদের সাথে পরামর্শের মাধ্যমে ভূ-গর্ভস্থ ও ভূ-পরিষ্ক পানি সম্পদের প্রাপ্যতা, ব্যবহার ও চাহিদার অনুসন্ধানপূর্বক টেকসই পানি সম্পদ ব্যবস্থাপনা সংক্রান্ত প্রতিবেদন প্রণয়ন করা;</p> <p>-প্রকল্প এলাকায় বিভিন্ন খাতওয়ারী (কৃষি, সেচ, মৎস্য, শিল্প, গৃহস্থলী প্রভৃতি) ভূ-গর্ভস্থ ও ভূ-পরিষ্ক পানি সম্পদের প্রাপ্যতা, গুণগত মান, ব্যবহার ও চাহিদা সংক্রান্ত ম্যাপ প্রণয়ন এবং জিআইএস উপাত্তভান্ডার প্রস্তুতকরণ।</p>
--

প্রকল্প এলাকাঃ

প্রকল্পটি ঢাকা ও ময়মনসিংহ বিভাগের ১০ টি জেলায় অবস্থিত। প্রকল্প এলাকায় ৭১ টি উপজেলা, ৭৪৪ টি ইউনিয়ন, ১০,৮৮৪ টি মৌজা রয়েছে। প্রকল্প এলাকার অবস্থান নিম্নরূপঃ-

বিভাগ	জেলার নাম	উপজেলার সংখ্যা	ইউনিয়নের সংখ্যা	মৌজার সংখ্যা
(১)	(২)	(৩)	(৪)	(৫)
ঢাকা	ঢাকা	৬	৭৯	৯৭৪
	গাজীপুর	৫	৪৪	৮১৪
	টাঙ্গাইল	১২	১১০	২১৯০
	মানিকগঞ্জ	৭	৬৫	১৩৫৭
	নারায়ণগঞ্জ	৫	৪৪	৭৫৭
	মুন্সিগঞ্জ	৬	৬৭	৬৬২
	নরসিংদী	৬	৭০	৬২৪
ময়মনসিংহ	ময়মনসিংহ	১২	১৪৬	২২০৪
	শেরপুর	৫	৫১	৪৫৮
	জামালপুর	৭	৬৮	৮৪৪
২ টি বিভাগ	১০ টি জেলা	৭১ টি উপজেলা	৭৪৪ টি ইউনিয়ন	১০,৮৮৪ টি মৌজা

প্রকল্পের কম্পোনেন্টসমূহঃ

প্রকল্পের প্রধান দুইটি কম্পোনেন্ট (উপাদান) নিম্নরূপ:

কম্পোনেন্ট (উপাদান) ১

প্রকল্প এলাকায় অংশগ্রহণমূলক গ্রামীণ মূল্যায়ন (PRA) এর মাধ্যমে প্রকল্প এলাকার বিদ্যমান পানি ব্যবহারের ধরণ, গুণগত মান, চাহিদা, উৎস ইত্যাদি চিহ্নিত করে মানচিত্রে প্রদর্শন পূর্বক রিপোর্ট প্রণয়ন।

কম্পোনেন্ট (উপাদান) ২

প্রকল্প এলাকায় হাইড্রোলজিক্যাল মডেলিং এর মাধ্যমে ভূ-গর্ভস্থ ও ভূ-পরিষ্ক পানি সম্পদের প্রাপ্যতা, গুণগত মান ও চাহিদা নিরূপন এবং ভূ-গর্ভস্থ পানিধারক স্তরের নিরাপদ আহরণ সীমা নির্ধারণ।



চিত্রঃ প্রকল্পের PRA কম্পোনেন্টের পরামর্শক প্রতিষ্ঠান হিসেবে BETS Consulting Services Limited এর সাথে চুক্তি স্বাক্ষর অনুষ্ঠান

২. গবেষণা প্রকল্পের নামঃ Establishment of Water Quality Index (WQI) through Principal Component Analysis for the Dhaka-based Rivers

উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ	পানি সম্পদ মন্ত্রণালয়
বাস্তবায়নকারী সংস্থা	পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (ওয়ারপো)
প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকা)	১৮০.১৬ লক্ষ টাকা
বাস্তবায়নকাল	জুন, ২০২৩- মে, ২০২৫
উদ্দেশ্য	<p>এই গবেষণা প্রকল্পের মূল উদ্দেশ্য হচ্ছে পাইলট ভিত্তিতে ঢাকার পার্শ্ববর্তী ৪টি নদীর পানির গুণগত মান যাচাই করার নির্ণায়ক হিসেবে Water Quality Index (WQI) নির্ণয় করার জন্য একটি উপযুক্ত পদ্ধতি নিরূপন করা।</p> <p>গবেষণাটির সামগ্রিক লক্ষ্য হচ্ছে নদীগুলোর পানির গুণগত মানের অবস্থা সম্পর্কে সম্যক ধারণা অর্জন করা এবং পরিস্থিতির উন্নতির জন্য একটি কার্যকর পদ্ধতির সুপারিশ প্রদান করা যাতে সঠিক পরিকল্পনা ও ডিজাইনের মাধ্যমে টেকসই নদী ব্যবস্থাপনা নিশ্চিত করা সম্ভবপর হয়।</p>
প্রকল্প এলাকা	ঢাকা জেলার পার্শ্ববর্তী ৪ (চার)টি নদী বুড়িগঙ্গা, তুরাগ, বালু এবং শীতলক্ষ্যা নদী।
কাঙ্ক্ষিত ফলাফল	<ul style="list-style-type: none"> বুড়িগঙ্গা, তুরাগ, বালু এবং শীতলক্ষ্যা নদীর পানির গুণগত মানের অবস্থা সম্পর্কিত তথ্য-উপাত্ত; প্রতিটি নদীর পানির গুণগত মান অবনমনের জন্য পানিতে উপস্থিত প্রধান উপাদানগুলো PCA এর মাধ্যমে চিহ্নিতকরণ; দেশের নদীগুলোর WQI নির্ণয় করার জন্য আন্তর্জাতিকভাবে স্বীকৃত একটি কার্যকর পদ্ধতি; ভবিষ্যতে নদীগুলোর পুনর্বাসন ও কার্যকর মনিটরিং ব্যবস্থাপনা নিশ্চিতের জন্য সুপারিশমালা।



চিত্রঃ ঢাকা জেলার পার্শ্ববর্তী বুড়িগঙ্গা নদীর মনিটরিং সাইটে মাঠ পর্যায়ে জরিপ

৩. গবেষণা প্রকল্পের নামঃ Leveraging Technologies for Enhanced Groundwater Data Imputation and Forecasting in the north Western Region

উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ	পানি সম্পদ মন্ত্রণালয়
বাস্তবায়নকারী সংস্থা	পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (ওয়ারপো)
প্রাক্কলিত ব্যয়	১৯৭.৯০ লক্ষ টাকা
উদ্দেশ্য	এই গবেষণা প্রকল্পের মূল উদ্দেশ্য হচ্ছে ভূগর্ভস্থ পানি স্তরের প্রাইমারি (অটোমেটেড ডাটা লগার স্থাপন) ও সেকেন্ডারি ডাটা সংগ্রহ করে LSTM মডেল ব্যবহার করে মিসিং ডাটা ও ত্রুটিপূর্ণ ডাটা চিহ্নিতপূর্বক মিসিং ডাটা ও ত্রুটিপূর্ণ ডাটা অনুমান করে একটি সম্পূর্ণ ডাটাসেট তৈরি করা এবং Groundwater Forecasting টুলসহ একটি ড্যাসবোর্ড প্রস্তুত করা।
প্রকল্প এলাকা	উত্তর-পশ্চিম হাইড্রোলজিক্যাল অঞ্চলের ১৬ টি জেলা।

মূল কার্যক্রম

- সেকেন্ডারি উৎস (NWRD, BWDB, BMDA) থেকে উত্তর-পশ্চিম হাইড্রোলজিক্যাল অঞ্চলের ভূগর্ভস্থ পানি স্তরের ডাটা সংগ্রহ করা।
- ৫০ টি নলকূপে অটোমেটেড ডাটা লগার স্থাপন করা।
- স্ট্যান্ডার্ড প্রটোকল অনুসরণ করে নির্বাচিত সাইটগুলো থেকে ভূগর্ভস্থ পানি স্তরের ডাটা সংগ্রহ করা।
- সংগৃহীত ডাটার মধ্যে মিসিং ডাটা, ত্রুটিপূর্ণ ডাটা চিহ্নিত করার জন্য ডাটা প্রি-প্রসেসিং করা।
- স্ট্যাটিস্টিক্যাল টেকনিক এবং মেশিন লার্নিং অ্যালগরিদম ব্যবহার করে প্রি-প্রসেসিং ডাটা থেকে মিসিং ডাটা ও ত্রুটিপূর্ণ ডাটা চিহ্নিত করে সঠিক মিসিং ডাটা ও ত্রুটিপূর্ণ ডাটা LSTM মডেলের মাধ্যমে অনুমান করা।
- উত্তর-পশ্চিম হাইড্রোলজিক্যাল অঞ্চলের ভূগর্ভস্থ পানি স্তরের জন্য Groundwater Forecasting মডেল প্রস্তুত করা।
- একটি ইউজার ফ্রেন্ডলি Forecasting ড্যাসবোর্ড প্রস্তুত করা।



চিত্রঃ রাজশাহী জেলায় নলকূপে অটোমেটেড ডাটা লগার স্থাপন

(খ) প্রস্তাবিত প্রকল্প (Proposed Project)

১. প্রকল্পের নামঃ জাতীয় পানি সম্পদ পরিকল্পনা প্রণয়ন (Technical Assistance Project for “Preparation of national Water Resources Plan (NWRP)” শীর্ষক কারিগরী সহায়তা প্রকল্প।

প্রকল্প প্রাক্কলিত ব্যয়ঃ

প্রকল্পের মোট ব্যয় ১১৭০.০০ লক্ষ টাকা।

প্রকল্পের অর্থায়ন

বাংলাদেশ সরকার।

প্রকল্পের উদ্দেশ্য

প্রকল্পটির মূল উদ্দেশ্য হচ্ছে বাংলাদেশ পানি আইন, ২০১৩ এর ধারা ১৫ অনুযায়ী জাতীয় পানি সম্পদ পরিকল্পনা প্রণয়নের মাধ্যমে বাংলাদেশ পানি আইন, ২০১৩ ও বাংলাদেশ পানি বিধিমালা, ২০১৮ বাস্তবায়ন ও দেশের পানি সম্পদের যৌক্তিক ও টেকসই ব্যবহার নিশ্চিত করণ।

২. প্রকল্পের নামঃ “বাংলাদেশ পানি আইন, ২০১৩ এর কার্যকর প্রয়োগে বাংলাদেশের উত্তর-পশ্চিম হাইড্রোলজিক্যাল অঞ্চলের ১৩ টি জেলায় পানি সম্পদের প্রাপ্যতা এবং ভূ-গর্ভস্থ পানিধারক স্তরের নিরাপদ আহরণ সীমা নিরূপণ”

প্রকল্প প্রাক্কলিত ব্যয়ঃ

৪৫৭০.০০ লক্ষ টাকা

প্রকল্পের অর্থায়ন

বাংলাদেশ সরকার।

প্রকল্পের উদ্দেশ্যঃ

প্রকল্পটির মূল উদ্দেশ্য হচ্ছে বাংলাদেশের উত্তর-পশ্চিম হাইড্রোলজিক্যাল অঞ্চলের ১৩ টি জেলায় বাংলাদেশ পানি আইন, ২০১৩ ও বাংলাদেশ পানি বিধিমালা, ২০১৮ এর কার্যকর প্রয়োগের লক্ষ্যে ভূ-গর্ভস্থ ও ভূ-পরিষ্ক পানি সম্পদের প্রাপ্যতা, গুণগত মান এবং ভূ-গর্ভস্থ পানিধারক স্তরের নিরাপদ আহরণ সীমা নিরূপন করা। উক্ত অঞ্চলের শিল্প জোন, ভূগর্ভস্থ পানি ধারকস্তরের নিম্নমুখী প্রবণতা, অধিক জনসংখ্যার চাপ, অর্থনৈতিক অঞ্চল, ভূপরিষ্ক পানি দূষণ, নগরায়ণ প্রবণতা উক্ত প্রকল্পের কেন্দ্রীয় বিবেচ্য বিষয়।

৩. প্রকল্পের নামঃ “ক্লাইমেট স্মার্ট ইনটিগ্রেটেড কোস্টাল রিসোর্সেস ডাটাবেস (সিএসআইসিআরডি) (Climate Smart Integrated Coastal Resources Database (CSICRD))” শীর্ষক প্রকল্প।

প্রকল্পের মেয়াদ

বাংলাদেশ ডেল্টাপ্ল্যান ২১০০ অনুযায়ী প্রকল্পের মেয়াদকাল ১২ বছর।

প্রকল্পের ব্যয়

প্রকল্পের মোট ব্যয় ১২২০.০০ লক্ষ টাকা।

প্রকল্পের অর্থায়ন

বাংলাদেশ সরকার।

প্রকল্পের উদ্দেশ্য

বাংলাদেশে জলবায়ু পরিবর্তন সহিষ্ণু সমন্বিত উপকূলীয় সম্পদের একটি উপাত্তভান্ডার/ডাটাবেস প্রস্তুতকরণ। উক্ত ডাটাবেস, বিভিন্ন উন্নয়ন/সমীক্ষা/কারিগরী সহায়তা প্রকল্প বাস্তবায়নে সহায়তা প্রদানের মাধ্যমে জলবায়ু পরিবর্তন অভিযোজিত একটি পরিকল্পনা প্রণয়ন। এছাড়া, উক্ত ডাটাবেস উপকূলীয় সম্পদের টেকসই ব্যবস্থাপনার মাধ্যমে উন্নতমানের গুণমান অর্জনে সহায়তাকরণ।

প্রকল্পের আইটপুট

বাংলাদেশে জলবায়ু সহিষ্ণু সমন্বিত উপকূলীয় সম্পদের একটি উপাত্তভান্ডার।

১০। কর্মশালা /সেমিনার ও প্রশিক্ষণ কার্যক্রম

ক) কর্মশালা /সেমিনার

২০২৩-২৪ অর্থবছরে ওয়ারপো ৩৭ টি কর্মশালা /সেমিনার আয়োজন করেছে।

কর্মশালা /সেমিনার এর বাৎসরিক বিবরণী (জুলাই ২০২৩- জুন ২০২৪)

কর্মশালা /সেমিনার এর বিবরণ	কর্মশালা /সেমিনার এ অংশগ্রহণকারীর সংখ্যা	তারিখ
১	২	৩
পানি সম্পদ পরিকল্পনা সংস্থার (ওয়ারপো) কর্মকর্তাগণের Valuing Water and Development Operational Shadow Prices of Water শীর্ষক দিনব্যাপী অভ্যন্তরীণ কর্মশালা।	৩৭ জন	০৬/০৭/২০২৩

পানি সম্পদ পরিকল্পনা সংস্থার ১৩-২০ গ্রেডের কর্মচারীদের জন্য দিনব্যাপী তথ্য অধিকার আইন, বিধি ও প্রবিধিমালা বিষয়ক কর্মশালা।	৪২ জন	২২/১০/২০২৩
তথ্য অধিকার আইন বিষয়ক সচেতনতামূলক কর্মশালা	২৮ জন	১০/১২/২০২৩
পানি সম্পদ পরিকল্পনা সংস্থার কর্মকর্তাদের Ground Water Governance এবং Erosion Prediction Centre এর উপর মতবিনিময় কর্মশালা।	২২ জন	১১/০১/২০২৪
পানি সম্পদ পরিকল্পনা সংস্থার প্রস্তাবিত অর্গানাইজেশন পরিকল্পনা উপস্থাপনা বিষয়ক সেমিনার।	৪০ জন	১৫/০১/২০২৪
পানি সম্পদ পরিকল্পনা সংস্থায় (ওয়ারপো) মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে কর্মকর্তাগণের কর্মশালা।	৩০ জন	২১/০২/২০২৪
পানি সম্পদ পরিকল্পনা সংস্থার (ওয়ারপো) কর্মকর্তাগণের তথ্য অধিকার আইন, বিধি ও প্রবিধিমালা বিষয়ক প্রশিক্ষণ কর্মশালা।	৩০ জন	০৪/০৩/২০২৪
পানি সম্পদ পরিকল্পনা সংস্থার (ওয়ারপো) এর ২০২৪-২৫ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদনা চুক্তির কর্মপরিকল্পনা প্রস্তুত বিষয়ক কর্মশালা	৫১ জন	২৫/০৩/২০২৪
ওয়ারপোর সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মপরিকল্পনা ২.২ অনুযায়ী সেবা প্রদান প্রতিশ্রুতি এবং ওয়ারপোর কার্যক্রম অবহিতকরণ সম্পর্কিত কর্মশালা।	৩৬ জন	২৪/০৬/২০২৪
পানি সম্পদ পরিকল্পনা সংস্থার কর্মকর্তাদের "বিশ্ব আবহাওয়া দিবস" উপলক্ষে পানি ব্যবহারে সচেতনতা বৃদ্ধি বিষয়ক কর্মশালা।	৭০ জন	২৩/০৩/২০২৪
পানি সম্পদ পরিকল্পনা সংস্থার কর্মকর্তাদের "বিশ্ব স্বাস্থ্য দিবস" উপলক্ষে সুস্বাস্থ্য নিশ্চিতকরণে ওয়ারপোর করণীয় বিষয়ক কর্মশালা	৭০ জন	০৭/০৪/২০২৪
"বিশ্ব পরিবেশ দিবস উপলক্ষে পানি সংরক্ষণে ওয়ারপোর করণীয় " বিষয়ক কর্মশালা।	৫২ জন	০৫/০৬/২০২৪
পানি সম্পদ পরিকল্পনা সংস্থার কর্মকর্তাদের " International Day for Biological Diversity " উপলক্ষে ওয়ারপোর করণীয় বিষয়ক কর্মশালা।	৫৪ জন	২৩/০৫/২০২৪
তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে সচেতনতা বৃদ্ধিকরণের লক্ষ্যে স্টেকহোল্ডারদের সমন্বয়ে সেমিনার।	৩৫ জন	০৯/০৬/২০২৪
পানি সম্পদ পরিকল্পনা সংস্থার কর্মকর্তাদের World Ocean Day উপলক্ষে ওয়ারপোর করণীয় বিষয়ক কর্মশালা।	৫৪ জন	০৯/০৬/২০২৪

খ) প্রশিক্ষণ

২০২২-২৩ অর্থবছরে ওয়ারপো ১০ টি প্রশিক্ষণের আওতায় মোট ২৪২ জনকে প্রশিক্ষণ প্রদান করেছে।

প্রশিক্ষণ এর বাৎসরিক বিবরণী (জুলাই ২০২২- জুন ২০২৩)

প্রশিক্ষণ কর্মসূচির বিষয়	মন্ত্রণালয় এবং আওতাধীন সংস্থাসমূহ থেকে অংশগ্রহণকারীর সংখ্যা	তারিখ
১	২	৩
এপিএ কর্মসম্পাদন সূচক ৩.২.১ এর আওতায় পানি সম্পদ খাতে উন্নত প্রযুক্তি নিবন্ধ প্রশিক্ষণ।	৩৭	০৪/১০/২০২৩
পানি সম্পদ পরিকল্পনা সংস্থার কর্মকর্তাদের " Cyber security and awareness " শীর্ষক প্রশিক্ষণ।	৩৭	২১/১১/২০২৩
পানি সম্পদ পরিকল্পনা সংস্থার কর্মকর্তাগণের জাতীয় শুদ্ধাচার কৌশল সংক্রান্ত দিনব্যাপী ইনহাউজ প্রশিক্ষণ	৩৭	২৩/১১/২০২৩
২০২৩-২৪ অর্থবছরের পানি সম্পদ পরিকল্পনা সংস্থার (ওয়ারপো) কর্মকর্তাগণের এপিএ বিষয়ক প্রশিক্ষণ কর্মশালা।	২৫	০৯/০১/২০২৪

পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (ওয়ারপো) এর নবনিযুক্ত কর্মকর্তাগণের প্রশিক্ষণ।	১৫	১৩-১৫ ফেব্রুয়ারি, ২০২৪
পানি সম্পদ পরিকল্পনা সংস্থার কর্মকর্তাগণের তথ্য অধিকার আইন, বিধি ও প্রবিধিমালা বিষয়ক প্রশিক্ষণ।	৫১	০৪/০৩/২০২৪
Training on “Ground-Water Data Collection Pre-processing and Analysis”	১০	০১-০৩ এপ্রিল, ২০২৪
Training on “Water Quality Analysis, Water Quality Index and Principal Component Analysis.”	১০	০৮-০৯ মে, ২০২৪
Training on “Environment and Water Policy”	১০	২১-২৩ মে, ২০২৪
Training on “Water Quality Assessment and Monitoring.”	১০	২৫-২৭ জুন, ২০২৪
মোটঃ ১০	২৪২ জন	

বৈদেশিক প্রশিক্ষণ, কর্মশালা ও সেমিনার ইত্যাদি

প্রশিক্ষণ কর্মসূচির বিষয়	মন্ত্রণালয় এবং আওতাধীন সংস্থাসমূহ থেকে অংশগ্রহণকারীর সংখ্যা	দেশের নাম
১	২	৩
Exposure visit to The University of Agder, Norway.	০১ জন ২০/০১/২০২৪ হতে ২৬/০১/২০২৪	নরওয়ে

১১) সাসটেইনেবল ডেভেলপমেন্ট গোল (বডিএ) এর লক্ষ্যমাত্রা অর্জনে ওয়ারপোর কার্যক্রম

এসডিজি ৬.৪ এ পানি সম্পদ খাতের পানির প্রাপ্যতা (Water Availability) বিষয়ে একটি সমীক্ষা প্রকল্পের কাজ চলমান রয়েছে। এছাড়া, ওয়ারপোতে অভ্যন্তরীণ প্রশিক্ষণে সংশ্লিষ্ট বিষয়াদি অন্তর্ভুক্ত করে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে এবং Assessment of Environmental Flow in the major rivers in Bangladesh ” শীর্ষক সমীক্ষা প্রকল্পের কাজও হাতে নেয়া হয়েছে।

১২) বিবিধ

(ক)ওয়ারপোর ওয়াটার সেক্টর ডিজিটাল লাইব্রেরী ও তথ্য কেন্দ্র

পানি সম্পদ এবং সংশ্লিষ্ট খাতের এ যাবৎ কালে প্রকাশিত সবচেয়ে বেশি এবং গুরুত্বপূর্ণ তথ্য ভান্ডার নিয়ে গঠিত 'ওয়ারটার সেক্টর ডিজিটাল লাইব্রেরী ও তথ্য কেন্দ্র' সম্প্রতি নিজস্ব স্থায়ী ভবনে স্থানান্তরিত হয়ে দ্রুততম সময়ে বিভিন্ন ব্যক্তি এবং প্রতিষ্ঠানকে ডিজিটাল বই, রিপোর্ট, জার্নাল ইত্যাদির মাধ্যমে তথ্য ও প্রযুক্তির কার্যকর সেবা প্রদান করছে ওয়ারপোর 'ওয়ারটার সেক্টর ডিজিটাল লাইব্রেরী ও তথ্য কেন্দ্র'।

১. হার্ড কপি

২. ডিজিটাল কপি

৩. তথ্য ব্যবহারকারীর জন্য কার্যকর সহযোগী পরিবেশ

৪. সহায়ক রিডিং স্পেস

৫. জার্নাল

৬. ফটোকপি

৭. হেল্প ডেস্ক/ইনফরমেশন সেবা ইত্যাদি এর মাধ্যমে নিত্য নতুন বই, রিপোর্ট, জার্নালের তথ্য সম্ভারে সমৃদ্ধ হচ্ছে।

পানি সম্পদ এবং সংশ্লিষ্ট বিষয়ের দীর্ঘদিনের পুরনো, দুর্লভ, দুস্থাপ্য, মূল্যবান বিভিন্ন স্টাডি/পরিকল্পনা/মহাপরিকল্পনার প্রতিবেদন, জার্নাল এবং বই এর সমৃদ্ধ সমন্বয়ে গঠিত এবং প্রতিনিয়ত হালনাগাদকৃত ওয়ারপো লাইব্রেরী ও তথ্য কেন্দ্র প্রতিনিয়ত ডিজিটাল সমৃদ্ধির পথে অগ্রসরমান। ইতোমধ্যে সবচেয়ে দুর্লভ এবং মূল্যবান ডকুমেন্ট সমূহ ডিজিটাল ফরমেটে রূপান্তরের মাধ্যমে লাইব্রেরী ও তথ্য কেন্দ্রের ডিজিটাল শাখা ক্রমাগত সমৃদ্ধ হচ্ছে।

২০২৩-২০২৪ অর্থবছরে পানি সম্পদ সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে মোট ১৮ টি নতুন বই ওয়ারপোতে ক্রয় করা হয়েছে। BWDB, UAP, DU, পানি সম্পদ মন্ত্রণালয় সহ বিভিন্ন প্রতিষ্ঠান এবং ব্যক্তিবর্গ (মোট ১১ জন) জুলাই ২০২৩ হতে জুন ২০২৪ পর্যন্ত ওয়ারপো'র লাইব্রেরি ব্যবহার করেছেন এবং গুরুত্বপূর্ণ তথ্য সংগ্রহ করেছেন। এছাড়া সংস্থার কর্মকর্তা, কর্মচারীগণ প্রাত্যাহিক দাপ্তরিক কাজ ও বিশেষ পরিকল্পনা কাজে প্রতিনিয়ত লাইব্রেরী ব্যবহার করে থাকেন।

পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (ওয়ারপো) লাইব্রেরীতে জুলাই, ২০২৩ হতে জুন, ২০২৪ পর্যন্ত ক্রয়কৃত বইসমূহ

1. Water security under climate change, A K Biswas & C. Tortajada, 2022.
2. Water Footprint: Assessment and case studies, S. S. Muthu, 2021.
3. Groundwater Geochemistry, Broder J. Merkel, 2008
4. Climate Change and Food Security in South Asia, Rattan Lal, Mannava V.K. Sivakumar, S.M.A. Faiz, 2011.
5. Climate Change, Extreme Events and Disaster Risk Reduction: Towards Sustainable Development Goals, Suraj Mal, R.B. Singh Christian Huggel, 2018.
6. Remote Sensing of Coastal Aquatic Environments Technologies, Techniques and Applications, Richard L. Miller, Carlos E. Del Castillo, Brent A. Mckee, 2005.
7. Perspectives on Integrated Coastal Zone Management, Wim Salomons, R. Kerry Turner, Luiz Drude de Lacerda, S. Ramachandran, 1999.
8. Wetland Creation, Restoration, and Conservation: The State of The Science, 1st Edition W.J. Mitsch, 2006.
9. Sharing' Ganges Water: Indo-Bangladesh Treaties and International Law, Md. Nazrul Islam, 2023.
10. Bangladesh Service Rules Part I & II, BGP, 1993.
11. সরকারী খাতে উন্নয়ন প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন ও সংশোধন নির্দেশিকা, পরিকল্পনা মন্ত্রণালয়, জুন ২০২২.
12. পরিদর্শন বিধি বিধান ও পদ্ধতি, এম এম আল ফারুক ও মাহমুদুল করিম
13. সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধি ২০১৮ এবং আচরণ বিধি ১৯৭৯ এর বিশ্লেষণ, এম এম আল ফারুক, ডিসেম্বর ২০২০.
14. নোঙর, নদী সংস্কৃতি ও শিল্প-সাহিত্য মুখপত্র, সুমন শামস, ফেব্রুয়ারী-মার্চ ২০২৩.
15. Bangladesh economic review 2023, Ministry of Finance, June 2023.
16. Yearbook of Agricultural Statistics- 2022, BBS, May 2023.
17. Statistical Yearbook Bangladesh 2022, BBS, June 2023.
18. An Administrative letter of Hazrat Ali (R), A Z M Shamsul Alam, December 2010.

খ) উত্তম চর্চা

শিরোনাম: ওয়াটার সেক্টর ডিজিটাল লাইব্রেরি ও তথ্যকেন্দ্র

বিবরণ:

ওয়ারপোর একটি সমৃদ্ধ ওয়াটার সেক্টর ডিজিটাল লাইব্রেরি ও তথ্যকেন্দ্র আছে। এতে পানি সম্পদ সম্পর্কিত পর্যাপ্ত তথ্য উপাত্ত সম্বলিত বই, রিপোর্ট, জার্নাল সহ পানি খাতের মূল্যবান ডকুমেন্ট হার্ডকপি/ডিজিটাল পদ্ধতিতে সংরক্ষিত রয়েছে। লাইব্রেরীর তথ্যাদি ইন্টারনেটের মাধ্যমে যে কোন স্থানে থেকে ব্যবহার যোগ্য। বিভিন্ন ব্যক্তি, সরকারি/বেসরকারি প্রতিষ্ঠান ও বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা এই লাইব্রেরী থেকে সেবা গ্রহণ করে থাকে। পানি সম্পদ এবং সংশ্লিষ্ট বিষয়ের সমন্বয়ে গঠিত এই লাইব্রেরি দীর্ঘদিনের পুরনো, দুর্লভ, দুস্থাপ্য মূল্যবান বিভিন্ন স্টাডি/পরিকল্পনা/মহাপরিকল্পনার প্রতিবেদন, জার্নাল ও বইয়ে সমৃদ্ধ এবং প্রতিনিয়ত হালনাগাদ করা হয়।

প্রমাণক (ছিরচিত্র):



চিত্রঃ ওয়ারপো ওয়াটার সেক্টর ডিজিটাল লাইব্রেরি।



শিরোনাম: হালনাগাদ ওয়েবসাইট এবং পানি সম্পদ খাতে তথ্য ও উপাত্ত সমৃদ্ধ জাতীয় পানি সম্পদ ডাটাবেইস (এনডবি-ওয়ারডি)

বিবরণ:

হালনাগাদ ওয়েবসাইট ও জাতীয় পানি সম্পদ উপাত্তভান্ডার সংরক্ষণ ও হালনাগাদ করা ওয়ারপোর গুরুত্বপূর্ণ দায়িত্ব। “জাতীয় পানি ব্যবস্থাপনা পরিকল্পনা” প্রকল্পের আওতায় ওয়ান স্টপ উপাত্ত সরবরাহের কেন্দ্র হিসাবে ওয়ারপোতে “জাতীয় পানি সম্পদ উপাত্তভান্ডার (এনডবি-ওয়ারডি)” এবং “সমন্বিত উপকূলীয় অঞ্চল ব্যবস্থাপনা পরিকল্পনা” প্রকল্পের আওতায় ‘সমন্বিত উপকূলীয় সম্পদ উপাত্তভান্ডার (আইসিআরডি)’ স্থাপিত হয়েছে। মাল্টিডিসিপি-নারি এই উপাত্তভান্ডার ভূ-পরিষ্ক পানি, ভূগর্ভস্থ পানি, মৃত্তিকা ও কৃষি, মৎস্য, বন, আর্থসামাজিক, আবহাওয়া ও পরিবেশ, প্রাকৃতিক সম্পদ ইত্যাদি হিসাবে শ্রেণীকরণ করা হয়েছে। এয়াবৎ এনডবি-ওয়ারডিতে এবং আইসিআরডিতে পৃথকভাবে ৫৫০ এর অধিক জিআইএস, টাইমসিরিজ ও টেবুলার উপাত্তের (data layer) ডিজিটাল ফর্মে সংরক্ষন করা হয়েছে। গবেষণা, উচ্চশিক্ষা ও পানি সম্পদ ব্যবস্থাপনায় নিযুক্ত ব্যক্তি ও প্রতিষ্ঠান এই উপাত্ত-ভান্ডার হতে সেবা গ্রহণ করে উপকৃত হচ্ছেন।

প্রমাণক (ছিরচিত্র):

Data in hierarchical structure for NWRD		
Data Group	Data Type	Data Layer
Base Data	National	408 Thana Boundaries (1961)
Environment	Division	418 Thana Boundaries (1974)
Fisheries	District	464 Thana Boundaries (1981)
Forest	Thana	490 Thana Boundaries (1991)
Groundwater	Union	Thana Headquarter (490)
Images	Mauza	
Meteorological	Rivers	
Socio-Economic	Water bodies	
Soil & Agriculture	River & Estuary	
Surface Water	Roads	
	Railway	
	Navigation	
	Airway	
	Topography	
	Catchment	
	Regions	
	Planning Unit	
	Settlement	
	Power Sector	
	Project	



চিত্রঃ পানি সম্পদ খাতে তথ্য ও উপাত্ত সমৃদ্ধ জাতীয় পানি সম্পদ ডাটাবেইস (এনডবি-ওআরডি)

রর) শিরোনাম: আধুনিক ও সমৃদ্ধ আইসিটি প্রশিক্ষণ ল্যাব

বিবরণ:

বর্তমানে আইসিটি দৈনন্দিন জীবনে অবিচ্ছেদ্য অংশ হয়ে উঠেছে এবং আশা করা হয় যে এই প্রবণতা অব্যাহত থাকবে। আইসিটি স্বাক্ষরতা মানুষের কর্ম, সামাজিক ও ব্যক্তিগত জীবনে একটি অপরিহার্য কার্যকরী প্রয়োজন হিসাবে স্থান করে নিয়েছে। আইসিটি প্রশিক্ষণ আইসিটি সংশ্লিষ্ট কাজের জন্য কর্মীদের দক্ষতা, ক্ষমতা এবং জ্ঞান বাড়াণোর একটি অন্যতম প্রক্রিয়া। আইসিটি প্রশিক্ষণের মাধ্যমে কর্মচারীদের মধ্যে নিত্যনতুন চিন্তাধারা তৈরি করে এবং কর্মদক্ষতা বাড়াণোর মাধ্যমে কর্মচারীদের গুণগত মানের কর্ম সম্পাদনে সহায়তা করে। ওয়ারপো তথা পানি সেক্টরে কমরত কমরত কর্মকর্তাদের মধ্যে আইসিটি জ্ঞান বাড়াণোর লক্ষ্যে ওয়ারপো আইসিটি প্রশিক্ষণ ল্যাব এর মাধ্যমে পানি সম্পদ সেক্টরে জিআইএস, রিমোট সেন্সিং, ই-নথি ব্যবস্থাপনা, ই-প্রকিউরমেন্টসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয়ে ওয়ারপোসহ পানি সম্পদের স্টেকহোল্ডারদের প্রশিক্ষণ প্রদান অব্যাহত আছে।

প্রমাণক (ছবিচিত্র):




চিত্রঃ ওয়ারপো আইসিটি প্রশিক্ষণ ল্যাব

উপসংহার

দেশে সমন্বিত পানি সম্পদ ব্যবস্থাপনা নিশ্চিত করার লক্ষ্যে ওয়ারপো তার সৃষ্টি লগ্ন থেকেই পানি সম্পদের সামষ্টিক পরিকল্পনা প্রণয়নে নিরলস ভাবে কাজ করে যাচ্ছে। জাতীয় পানি নীতি ১৯৯৯, জাতীয় পানি ব্যবস্থাপনা পরিকল্পনা ২০০১, বাংলাদেশ পানি আইন, ২০১৩; বাংলাদেশ পানি বিধিমালা, ২০১৮; জেলা, উপজেলা, ইউনিয়ন সমন্বিত পানি সম্পদ ব্যবস্থাপনা গাইডলাইন, ২০২০; শিল্পখাতে পানি ব্যবহার নীতি ২০২০ ইত্যাদি প্রণয়নের মাধ্যমে দেশে পানি খাতে সমন্বয়, শৃংখলা ও সুশাসন প্রতিষ্ঠিত হয়েছে। আগামী দিনে পানির বিকেন্দ্রীকরণসহ পানির প্রাপ্যতা, চাহিদা নিরূপণের মাধ্যমে পানির নিরাপত্তা নিশ্চিত করণের লক্ষ্যে ওয়ারপো'র সুদূরপ্রসারী ভূমিকা রয়েছে।

পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (ওয়ারপো) এর ফটোগ্যালারী



চিত্রঃ ৩ আগস্ট ২০২৩ খ্রিস্টাব্দ তারিখে রাজবাড়ি জেলায় অনুষ্ঠিত বাংলাদেশ পানি আইন, ২০১৩ এবং বাংলাদেশ পানি বিধিমালা, ২০১৮ বাস্তবায়নে মতবিনিময় কর্মশালা



চিত্রঃ ১৯ সেপ্টেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ তারিখে নেত্রকোনা জেলায় অনুষ্ঠিত বাংলাদেশ পানি আইন, ২০১৩ এবং বাংলাদেশ পানি বিধিমালা, ২০১৮ বাস্তবায়নে মতবিনিময় কর্মশালা



চিত্রঃ ৫ অক্টোবর ২০২৩ খ্রিঃ তারিখে ওয়ারপো সভাকক্ষে পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (ওয়ারপো) এর জেলা কার্যালয়ের দায়িত্ব ও কার্যাবলী নির্ধারণ বিষয়ক কর্মশালা



চিত্রঃ ১৯ সেপ্টেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ তারিখে চট্টগ্রাম জেলার মিরসরাই উপজেলায় অনুষ্ঠিত বাংলাদেশ পানি আইন, ২০১৩ এবং বাংলাদেশ পানি বিধিমালা, ২০১৮ বাস্তবায়নে মতবিনিময় কর্মশালা